

তারিখ: ১২/১১/২০১৯ খ্রি.

**২০১৮-১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি (সংশোধিত)**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) প্রোগ্রামে অনলাইনে ভর্তি কার্যক্রম ১১নভেম্বর, ২০১৯ তারিখ থেকে শুরু হবে। আগ্রহী শিক্ষার্থীকে ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন ফরম পূরণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

**শর্তাবলী:**

**১। আবেদনের সময়সূচী:**

- (ক) অনলাইনে আবেদন ফরম পূরণের শেষ তারিখ : ২১/১১/২০১৯ খ্রি.  
(খ) ফরমের প্রিন্টকপি (২কপি) কলেজে জমাদানের শেষ তারিখ : ২১/১১/২০১৯ খ্রি.  
(গ) আবেদন ফরমের প্রিন্টকপি জমাদানের স্থান : সংশ্লিষ্ট বিভাগীয় কক্ষে (সকাল ১০:০০-১:০০ টা পর্যন্ত)

**২। আবেদনের যোগ্যতা:**

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।  
(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।  
(গ) ইতোপূর্বে মাস্টার্স ১ম পর্ব (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা ২০১৮-১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে না।

**৩। প্রাথমিক আবেদন সম্পর্কিত করণীয়:**

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) প্রদর্শিত সকল তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।  
(খ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি Scan করে (ছবির মাপ ১২০×১৫০ pixels, image type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করতে হবে।  
(গ) ছবিসহ সকল সঠিক তথ্য এন্ট্রি করে Submit অপশন select করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি download করে অফসেট সাদা কাগজে (A-4 সাইজের) প্রিন্ট নিতে হবে।  
(ঘ) চূড়ান্ত প্রিন্টকপি কলেজে জমা দেয়ার পূর্বে আবেদন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর করতে হবে।

**৪। আবেদনের সাথে জমা দিতে হবে:**

- (ক) প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিন শত) টাকা কলেজে জমা দিতে হবে।  
(খ) এসএসসি, এইচএসসি, স্নাতক (পাস) ও মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত)/স্নাতক (সম্মান) পরীক্ষা পাশের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।  
(গ) স্নাতক (পাস) ও মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত)/স্নাতক (সম্মান) রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।  
(ঘ) কোটায় ভর্তির ক্ষেত্রে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।

(প্রফেসর মোঃ মঈন উদ্দীন)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

**বিতরণ:**

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।  
২। আহ্বায়ক, ২০১৮-১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) ভর্তি কমিটি, অত্র কলেজ, রাঙ্গামাটি।  
৩। বিভাগীয় প্রধান, ..... (সকল বিভাগ), অত্র কলেজ, রাঙ্গামাটি।  
৪। হিসাব শাখা, অত্র কলেজ, রাঙ্গামাটি।  
৫। সংরক্ষণ নথি।